স্বপ্নে আমার মনে হল   কখন   ঘা দিলে আমার দ্বারে,   হায় ।
আমি   জাগি নাই জাগি নাই গো,
তুমি   মিলালে অন্ধকারে,   হায় ॥
অচেতন মনো-মাঝে   তখন   রিমিঝিমি ধ্বনি বাজে,
কাঁপিল বনের ছায়া ঝিল্লিঝঙ্কারে ।
আমি   জাগি নাই জাগি নাই গো,   নদী   বহিল বনের পারে ॥
পথিক এল দুই প্রহরে   পথের আহ্বান আনি ঘরে ।
শিয়রে নীরব বীণা   বেজেছিল কি জানি না—
জাগি নাই জাগি নাই গো,
ঘিরেছিল বনগন্ধ ঘুমের চারি ধারে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Sasthi, Raag: Hameer

Visit www.geetabitan.com for notation and other detail